



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ১০০০/রপ্তানি তথ্য/০২/২০২৬/৩৩
২২ ফেব্রুয়ারী, ২০২৬

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়: ২০২২-২০২৫ সময়কালীন সময়ে ক্রেতা প্রতিষ্ঠান 'LPP S.A' এর নিকট হতে বকেয়া রপ্তানি
পাওনা (Outstanding Payments) সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশী ক্রেতা প্রতিষ্ঠান LPP S.A-এর অনুকূলে বিকেএমইএ'র সদস্যভুক্ত রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ ২০২২ হতে ২০২৫ সময়কালে বিভিন্ন ক্রয়াদেশের বিপরীতে পণ্য রপ্তানি সম্পন্ন করলেও, সংশ্লিষ্ট রপ্তানি মূল্য অদ্যাবধি অনাদায়ী রয়েছে। রপ্তানি বিল সময় মতো প্রত্যাবাসিত (Repatriated) না হওয়ায় সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানসমূহ ব্যাংক ঋণের বিপরীতে খেলাপি হওয়ার ঝুঁকিসহ নানাবিধ আর্থিক ও আইনি জটিলতার সম্মুখীন হচ্ছেন।

এমতাবস্থায়, উক্ত বায়ারের নিকট বকেয়া পাওনার সুনির্দিষ্ট পরিমাণ নিরূপণ এবং বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুরাহা করার লক্ষ্যে আপনাদের সক্রিয় সহযোগিতা একান্ত প্রয়োজন। যে সব সদস্য প্রতিষ্ঠান LPP S.A-এর সাথে রপ্তানি আদেশের বিপরীতে (২০২২ হতে ২০২৫ সময়কালে) রপ্তানি করেছেন কিন্তু রপ্তানি বিল (সম্পূর্ণ বা আংশিক) বকেয়া রয়েছে, তাদেরকে আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত গুগল ফর্ম লিংকে তথ্য প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

তথ্য প্রদানের লিংক: <https://forms.gle/96E1SU7RdXQuEvUg7>

সংগৃহীত তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে সরকার এবং সংশ্লিষ্ট অন্যান্য স্টেক হোল্ডারদের সাথে আলোচনার মাধ্যমে এই সমস্যা সমাধানে বিকেএমইএ প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

সদস্য প্রতিষ্ঠানসমূহের বৃহত্তর স্বার্থে উল্লেখ্য সময় সীমার মধ্যে নির্ভুল তথ্য প্রদান করে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,


মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

Head Office : BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224437646, E-mail : info@bkmea.com

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, E-mail : info@bkmea.com

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, E-mail : bkmeactg@bfts.net

Log on : www.bkmea.com